12938 - ফতিরা কাকে দেয়া যাবে

প্রশ্ন

ফতিরা কাকে দেয়া যাবে? আফগানিস্তানের মুজাহিদদের জন্য কি ফতিরা পাঠানো যাবে? কিংবা কোন কল্যাণমূক কাজের জন্য ফান্ডে জমা রাখা যাবে; যেমন— মসজিদ নির্মাণ?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যে ব্যক্তি যে স্থানে ফতিরা আদায় করছেন সে স্থানের গরীব মুসলমানদেরকে ফতিরা দিতে হবে। দলিল হচ্ছে, আবু দাউদ কর্তৃক সংকলিত ইবনে আব্বাস (রাঃ) এর হাদিস, তিনি বলেন: "রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযান মাসে যাকাতুল ফিতর (ফতিরা) ফরয করেছেন গরীবদের খাদ্যস্বরূপ..."। যদি অন্য দেশের মানুষের প্রয়োজন আরও বেশি হয় তাহলে সে দেশে স্থানান্তর করা জায়েয হবে। তবে, মসজিদ নির্মাণ ও কল্যাণমূলক কাজের জন্য ফতিরা সংরক্ষণ করা জায়েয হবে না।